অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/23/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জনস্বাস্থ্য সুরক্ষার আইনে স্বাক্ষর করেছেন এবং সাফোক কাউন্টির জলের গুণমান উন্নত করেছেন

S.8473/A.8993 আইনটি সাফোকের জলের গুণমান সংস্কারের আইনকে সংশোধন করে

সাফোক কাউন্টিতে বিশুদ্ধ জলের জন্য দীর্ঘমেয়াদী বিনিয়োগ তহবিলের জন্য অগ্রিম ব্যালট গণভোট

আজকে গভর্নর ক্যাথি হোকল জনস্বাস্থ্য ও জলের গুণমান উন্নত করতে সাফোক ওয়াটার কোয়ালিটি রেস্টোরেশন অ্যাক্টে স্বাক্ষর করেছেন। S.8473/A.8993 আইনটি সাফোক কাউন্টিকে একটি ব্যালট গণভোটের দিকে এগিয়ে রাখবে যেটা বিশুদ্ধ জলের সিস্টেম ও প্রযুক্তির জন্য দীর্ঘ মেয়াদী বিনিয়োগে অর্থায়ন করবে এবং সাফোক কাউন্টির বাসিন্দাদের জন্য বর্জ্য জলের পরিকাঠামোকে সংস্কার করবে।

"বিশুদ্ধ জল পাওয়াটা হলো একটি মৌলিক চাহিদা এবং সাফোক কাউন্টির বাসিন্দারা নিরাপদ ও নির্ভরযোগ্য জলের পরিকাঠামো পাওয়ার অধিকার আছে," **গভর্নর হোকল বলেন।** "আমি সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের বিষয়ে সুরক্ষা প্রদানের ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই বিলটি হলো আগামী প্রজন্মের প্রতি একটি অঙ্গীকার যেটা আপনার সুস্থতাকে সুরক্ষিত করতে আমাদের সাধ্যের মধ্যে সবকিছুই করবে।"

S.8473/A.8993 আইনটি আলাদা আলাদা সেপটিক সিস্টেম ও বর্জ্য জলের ব্যবস্থাপনা প্রকল্পের ক্ষেত্রে স্থানীয় রাজস্ব বন্টন ব্যবস্থায় পরিবর্তন নিয়ে আসবে। এই আইনটি আবাসন উন্নয়নের ক্ষেত্রে বাধাগুলোর সমাধান আনতে সহায়তা করবে এবং স্থানীয় সেপটিক সিস্টেম থেকে নাইট্রোজেন নির্গত হওয়ার পরিমানকে কমিয়ে আনবে এবং এর ফলে পানীয় জলের গুণমান রক্ষায়, ক্ষতিকারক শেওলাগুলোকে প্রশমিত করায় এবং স্থানীয় বাস্তুতন্ত্র রক্ষা করার ক্ষেত্রে সহায়তা করবে।

আজকের বিলটি পরিষ্কার জলের জন্য গভর্নরের রেকর্ড পরিমাণ বিনিয়োগের উপর ভিত্তি করে স্বাক্ষর করা। গভর্নর হোকল বিশুদ্ধ জলের পরিকাঠামো উন্নত করাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন এবং 2017 সাল থেকে মোট 5.5 বিলিয়ন মার্কিন ডলার স্টেট ব্যাপী বিনিয়োগ করেছেন যেটার 700 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হয়েছে লং আইল্যান্ডে এবং এর মধ্যে 66.1 মিলিয়ন ডলার স্টেটের সেপটিক সিস্টেম প্রতিস্থাপন প্রোগ্রামের জন্য বরাদ্দ রয়েছে।

স্টেট সেনেটর মনিকা আর. মার্টিনেজ বলেন, "আমরা আজকে সাফোক কাউন্টির ভোটারদের নাইট্রোজেন দূষণের প্রভাবগুলি কীভাবে মোকাবেলা করতে হবে তা নির্ধারণ করার জন্য অনুমোদন দিয়েছি। আমাদের অঞ্চলের ভূপৃষ্ঠ ও ভূপৃষ্ঠের উপরিতলের জলের জন্য এই মারাত্মক হুমকিটি হলো বিপরীতমুখী কিন্তু পরিবেশে এটার নির্গমন থামাতে প্রযুক্তি ও অবকাঠামোতে বিনিয়োগ করার মাধ্যমেই কেবল সম্ভব। লং আইল্যান্ডের অন্যতম বড় পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবেলা করে এমন আইন স্পনসর করার এই প্রজন্মের সুযোগ পেয়ে আমি গর্বিত এবং আমি গভর্নর হোকলকে তার অব্যাহত সহায়তার জন্য ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার ফ্রেড ডব্লিউ. থিয়েল, জুনিয়র বলেন, "সাফোক কাউন্টির পরিবেশ এবং অর্থনীতি কয়েক দশক ধরে জলের গুণমান হ্রাসের চলমান প্রবণতা দ্বারা বাধাগ্রস্ত হয়েছে। ত্রিশ বছরেরও বেশি আগে নিউ ইয়র্ক জাতীয়ভাবে স্বীকৃত সেন্ট্রাল পাইন ব্যারেন্স সংরক্ষণ আইন প্রণয়ন করে যা আমাদের একমাত্র উৎস জলজ সংরক্ষণের জন্য 100,000 একরের বেশি জমি রক্ষা করে। অত্যধিক উন্নয়নের ধারাবাহিকতা এখনো আমাদের জলের রিসোর্সের জন্য অব্যাহত ঝুঁকির মধ্যেই আমাদের রেখেছে। আজকে সাফোক কাউন্টি ওয়াটার কোয়ালিটি রিস্টোরেশন অ্যাক্ট প্রণয়নের মাধ্যমে, আমরা পাইন ব্যারেন্স অ্যাক্টের মাধ্যমে প্রথমে জলের গুণমান রক্ষার জন্য সেই প্রচেষ্টাগুলোকে সংরক্ষণ করে রেখেছি। এই আইনটি মন্টেক থেকে ব্যাবিলনে সেপ্টিক সিস্টেম এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থাকে আপগ্রেড করার জন্য পুনরাবৃত্তিমূলক তহবিলের একটি স্থানীয় সোর্স প্রদান করবে। এটি আমাদের জল শোধনের জন্য স্টেট এবং ফেডারেল অবকাঠামোর লক্ষ্য পূরণের জন্য স্থানীয় ডলারে সাফোককে 6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করবে। এটা এখন ভোটারদের হাতে। আমি এই আইনের জন্য গভর্নর হোকলকে তার প্রাথমিক এবং দৃঢ় সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।"

সাফোক কাউন্টির নির্বাহী এড রোমাইন বলেন, "আমরা গভর্নরকে সাফোক কাউন্টিকে আগামী প্রজন্মের জন্য বিশুদ্ধ জল নিশ্চিত করতে সাহায্য করার ব্যাপারে তার ক্রমাগত প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাই। আজকের বিল স্বাক্ষর হলো সরকারের জনগণের জন্য একসাথে কাজ করার একটি উজ্জ্বল উদাহরণ, যারা এখন এই গুরুত্বপূর্ণ উদ্যোগের পক্ষে ভোট দেওয়ার সুযোগ পাবেন।"

সাফোক কাউন্টি সুপারভাইজার্স অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান এবং টাউন অভ ব্যাবিলনের সুপারভাইজার রিচ শ্যাফার বলেন, "কাউন্টি এক্সিকিউটিভ রোমেইন এবং সাফোক কাউন্টির আইনসভার সাথে গভর্নর হোকলের অংশীদারিত্বের ক্ষেত্রে নেতৃত্বের বিষয়টি এটা নিশ্চিত করতে যে আগামী 50 বছরের জন্য অত্যন্ত প্রয়োজনীয় বিশুদ্ধ জল এবং পয়ঃনিষ্কাশন অবকাঠামোর জন্য প্রশংসনীয় একটি অর্থায়নের উত্স থাকবে। আমি ব্যাবিলন শহরের বাসিন্দাদের নভেম্বরের এই গণভোটে সমর্থন করার জন্য অনুরোধ করছি।"

সাফোক কাউন্টি আইনসভার মাইনরিটি লিডার জেসন রিচবার্গ বলেন, "অনেক মাস দেরি করার পরে আমরা অবশেষে এমন জায়গায় পৌঁছেছি যেখানে সাফোক কাউন্টির ভোটাররা জলের গুণমান নিয়ে তাদের নিজেদের কথাগুলোই শুনতে পাবে। লং আইল্যান্ড আমাদের সমুদ্র সৈকত এবং পার্কগুলোর যত্ন নিয়ে থাকে এবং এই তহবিলটি আমাদের বর্জ্য জলের ব্যবস্থাপনার যে পরিকাঠামো সেটাকে বদলে দেবে এবং আমাদের সেগুলি উপভোগ করতে এবং আগামী প্রজন্মের সকলের জন্য অ্যাক্সেস নিশ্চিত করবে। গভর্নর হোকল, সেনেটর

মার্টিনেজ এবং অ্যাসেম্বলি মেম্বার থিলি এবং জিন-পিয়েরকে আমাদের অঞ্চলের জন্য তাদের সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

সাফোক কাউন্টি আইনসভার প্রিসাইডিং অফিসার কেভিন ম্যাকক্যাফ্রে বলেন, "আমি এই ঐতিহাসিক আইনের অংশ হতে পেরে গর্বিত যা সাফোক কাউন্টিকে তার জলীয় এবং ভূপৃষ্ঠের উপরিতলের জলকে আগামী প্রজন্মের জন্য সুরক্ষিত করে তুলতে সক্ষম করে তুলবে। নভেম্বর মাসের এই গণভোট ভোটারদের মাধ্যমে অপ্রতিরোধ্যভাবে অনুমোদিত হবে সেটা নিশ্চিত করতে স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য আমি অপেক্ষায় আছি।"

নিউ ইয়র্ক লিগ অভ কনজারভেশন ভোটারস এর প্রেসিডেন্ট জুলি টাইগ বলেন, "নাইট্রোজেন দূষিত জল এবং তার সাথে অনেকগুলো বাড়িতে নতুন সেপটিক সিস্টেম বা একটি পয়ঃনিষ্কাশন ব্যবস্থার প্রয়োজনীয়তার কয়েক দশক পরে সাফোক কাউন্টি ওয়াটার কোয়ালিটি রেস্টোরেশন অ্যাক্ট বাসিন্দাদেরকে তাদের কমিউনিটিতে বিদ্যমান এই জনস্বাস্থ্য সংকটকে বড় পরিসরে সমাধান করার সক্ষমতা প্রদান করবে। আমরা এই NYLCV স্কোরকার্ড বিল স্পনসর করার জন্য সেনেটর মার্টিনেজ এবং অ্যাসেম্বলিমেম্বার থিয়েলকে এবং সেই সাথে সাফোক কাউন্টি এক্সিকিউটিভ রোমেইন এবং কাউন্টি আইনসভাকে তাদের সহায়তার জন্য ধন্যবাদ জানাই এবং লং আইল্যান্ড আর স্টেট ব্যাপী জলের গুণমানের ইস্যুতে তার বলিষ্ঠ ভূমিকার জন্য আমরা গভর্নর হোকলকে সম্মান জানাই।"

নাসাউ এবং সাফোক কাউন্টির বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের প্রেসিডেন্ট ম্যাথিউ আরাসিচ বলেন, "আজ আমরা গভর্নর হোকলের পাশে দাঁড়াতে পেরে গর্বিত কারণ তিনি সাফোক কাউন্টি ওয়াটার কোয়ালিটি রেস্টোরেশন অ্যাক্টের আইনে স্বাক্ষর করেছেন। এটি অর্ধ শতাব্দীরও বেশি সময় ধরে লং আইল্যান্ডের জন্য এক তরফা ভাবে তৈরি করা স্টেট আইনের একক সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। এই আইনের ফলে পয়ঃনিষ্কাশন অবকাঠামো তৈরি করা কেবল হাজার হাজার কর্মসংস্থানই তৈরি করবে না বরং এটি আমাদের অঞ্চলকে ভবিষ্যতেও এগিয়ে নিয়ে যাবে। আমাদের পুরো জোট ছাড়াও বিল স্পনসর, সেনেটর মার্টিনেজ এবং অ্যাসেম্বলিম্যান থিলির কঠোর পরিশ্রম ছাড়া এই কঠিন প্রচেষ্টা সম্ভব হত না।"

লং আইল্যান্ড ফেডারেশন অভ লেবার, AFL-CIO এর প্রেসিডেন্ট জন আর. ডুরসো এবং লং আইল্যান্ড ফেডারেশন অভ লেবার, AFL-CIO এর নির্বাহী পরিচালক রায়ান স্ট্যান্টন বলেন, "সাফোক কাউন্টি ওয়াটার কোয়ালিটি রিস্টোরেশন অ্যাক্ট (SCWQRA) এ স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। আমাদের অঞ্চলের জলের গুণমান উন্নত করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই বিলে স্বাক্ষরের মাধ্যমে লং আইল্যান্ড বিশুদ্ধ জলের প্রাপ্যতার নিশ্চয়তা প্রদান এবং আমাদের উপকূলরেখার কার্যকারিতা বজায় রাখার আরো এক ধাপ কাছাকাছি চলে এসেছে এবং প্রক্রিয়াটিতে পরিবার-টিকে থাকার মত বেতন সহ হাজার হাজার ইউনিয়ন চাকরি তৈরি করেছে।"

সিটিজেনস ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের নির্বাহী পরিচালক অ্যাড্রিয়েন এস্পোসিতো বলেন, "আমাদের পানীয় এবং উপকূলীয় জলকে সুরক্ষিত করার জন্য বর্জ্য জলেরর আরো ভালো ব্যবস্থাপনার জন্য লং আইল্যান্ডের অনুসন্ধানটি বড় পরিসরে এগিয়ে গেছে। আপনি যখন ভালো বিজ্ঞান, ভালো নেতৃত্ব এবং ভালো সরকারকে একত্রিত হয়ে বিশুদ্ধ জলের প্রয়োজনীয়তার জন্য একসাথে হওয়া প্রত্যক্ষ করেন তখন সেটা সত্যিই দারুণ। এক

দশকেরও বেশি সময় ধরে পরিবেশ ও শ্রমিক নেতারা দূষণকারী সেপটিক সিস্টেম প্রতিস্থাপন এবং পয়ঃনিষ্কাশন অবকাঠামো আপগ্রেড ও প্রসারিত করার জন্য একটি নির্ভরযোগ্য তহবিল প্রবাহের জন্য চিঠি লিখে যাচ্ছেন ও সহায়তা করছেন। এই ঐতিহাসিক আইনটি সাফোক বাসিন্দাদের জন্য আমাদের পরিষ্কার জলের আগামীকে ভোট দেওয়ার জন্য প্রয়োজনীয় পথ তৈরি করে। আমরা অ্যাসেম্বলিম্যান ফ্রেড থিয়েল, সিনেটর মনিকা মার্টিনেজ এবং গভর্নর ক্যাথি হোকলের তাদের সব ধরনের প্রচেষ্টা, সমর্থন এবং কাজের জন্য অত্যন্ত প্রশংসা করি।"

নিউ ইয়র্কের দ্য নেচার কনজারভেন্সির লং আইল্যান্ড পলিসি অ্যাডভাইজার কেভিন ম্যাকডোনাল্ড বলেন, "নেচার কনজারভেন্সি গভর্নর হোকলকে তার আইনের দ্রুত অনুমোদনের জন্য প্রশংসা করে যা সাফোক কাউন্টির ভোটারদের একটি বিশুদ্ধ জলের ভবিষ্যত তৈরি করতে সক্ষম করবে। শুধুমাত্র গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নতি করেই সাফোক কাউন্টি ওয়াটার কোয়ালিটি রেস্টোরেশন অ্যাক্ট দূষণকে ব্যাপকভাবে হ্রাস এবং আমাদের উপসাগর ও পোতাশ্রয়গুলিকে সংস্কার করবে না বরং বাসিন্দা ও ব্যবসার জন্য সাশ্রয়ীও করে তুলবে৷ পরিবেশগত নেতৃত্বের জন্য আমরা গভর্নরকে ধন্যবাদ জানাই এবং সাফোক কাউন্টিতে বিশুদ্ধ জল ফিরিয়ে আনতে সাফোক কাউন্টির সাথে কাজ করার প্রত্যাশায় রয়েছি।"

লং আইল্যান্ড কন্ট্রাক্টরস অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক মার্ক হার্বস্ট বলেন, "লং আইল্যান্ডের জলের গুণমানের সমস্যাগুলো কয়েক দশক ধরে উন্নত হয়েছে এবং এগুলো সম্পূর্ণরূপে সমাধান করতে কয়েক দশক সময় লাগবে। পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সম্প্রসারণ এবং বিশুদ্ধ জলের সেপটিকের সাথে পুরনো প্রযুক্তি পরিবর্তনের জন্য একটি নির্ধারিত অর্থের যোগান প্রতিষ্ঠা করা হলো এই ঝামেলাপূর্ণ প্রবণতাটির বিপরীতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং আমি অ্যাসেম্বলি, সিনেট এবং গভর্নর হোকলকে এই উদ্যোগকে এগিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্তমূলক পদক্ষেপের জন্য ধন্যবাদ জানাই যাতে আমরা নভেম্বরে ব্যালটে এটি পেতে সক্ষম হই।"

সাফোক কাউন্টি ভিলেজ অফিসিয়াল অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ডেনিস সিরি বলেন, "লং আইল্যান্ডে বিশেষ করে সাফোক কাউন্টিতে জলের গুণমান একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা। গভর্নর হোকল অত্যন্ত গুরুত্বের সাথে এই সমস্যাটি সমাধান করছেন সেটা দেখতে পেয়ে আমরা অত্যান্ত আনন্দিত। আমরা তার লং আইল্যান্ডের অংশ হওয়া এবং এই গুরুত্বপূর্ণ বিলে স্বাক্ষর করার প্রশংসা করি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন